



# ময়মনসিংহ জেলা সদরে অবস্থিত সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহে



## ভর্তি বিজ্ঞপ্তি

শিক্ষাবর্ষ : ২০২৪ খ্রি.

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৪ খ্রি. ময়মনসিংহ জেলা সদরে অবস্থিত ০৩ (তিন) টি সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে নিম্নোক্ত শ্রেণির শূন্য আসনের বিপরীতে শিক্ষার্থী ভর্তি করা হবে।

### শ্রেণি ভিত্তিক শূন্য আসন সংখ্যা

ক্রঃ নং	বিদ্যালয়ের নাম	শ্রেণি	শ্রেণিভিত্তিক শূন্য আসন সংখ্যা			মন্তব্য
			প্রভাতী	দিবা	মোট	
০১	ময়মনসিংহ জিলা স্কুল, ময়মনসিংহ	৩য়	৫৪	৫৫	১০৯	সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৫ম শ্রেণি উত্তীর্ণ শিক্ষার্থীদের জন্য ১০% কোটা সংরক্ষিত থাকবে।
		৬ষ্ঠ	৩৪	৩৫	৬৯	
০২	বিদ্যাময়ী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ময়মনসিংহ	৪র্থ	১০৯	১০৯	২১৮	
০৩	গভর্নমেন্ট ল্যাবরেটরী হাই স্কুল ময়মনসিংহ	১ম	৫২ (বালিকা)	৫১ (বালক)	১০৩	সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৫ম শ্রেণি উত্তীর্ণ শিক্ষার্থীদের জন্য ১০% কোটা সংরক্ষিত থাকবে।
		৬ষ্ঠ	৫৫ (বালিকা)	৫৫ (বালক)	১১০	

ভর্তি পরীক্ষার আবেদন অনলাইনে পূরণ করতে হবে। বিদ্যালয় থেকে কোন ফরম বিতরণ করা হবে না। অনলাইনে ভর্তি ফরম পূরণ করে স্বয়ংক্রিয়ভাবে প্রবেশপত্র সংগ্রহ করা যাবে। <https://gsa.teletalk.com.bd> ওয়েব সাইটে অনলাইনে ভর্তির আবেদন করতে হবে। সংশ্লিষ্ট বিদ্যালয়ের ওয়েবসাইটে অনলাইনে ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য ও আবেদনের নিয়মাবলী জানা যাবে।

- ময়মনসিংহ জিলা স্কুল, ময়মনসিংহ এর ওয়েবসাইট : [www.mzs.edu.bd](http://www.mzs.edu.bd)
- বিদ্যাময়ী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ময়মনসিংহ এর ওয়েবসাইট : [www.vidyamayee.edu.bd](http://www.vidyamayee.edu.bd)
- গভর্নমেন্ট ল্যাবরেটরী হাই স্কুল, ময়মনসিংহ এর ওয়েবসাইট : [www.mgovlab.edu.bd](http://www.mgovlab.edu.bd)

### অনলাইনে ভর্তি ফরম পূরণের তারিখ ও সময়

- অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমা দান শুরু তারিখ ২৪/১০/২০২৩ খ্রি: সকাল ১১:০০ টা
- অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদানের শেষ তারিখ ১৪/১১/২০২৩ খ্রি: বিকাল ০৫.০০ টার মধ্যে। যে সকল শিক্ষার্থী আবেদন করে ইউজার আইডি পেয়েছেন কেবল সে সকল শিক্ষার্থীগণ ১৪/১১/২০২৩ দিবাগত রাত ১২.০০ মিনিট পর্যন্ত আবেদন ফি জমা দিতে পারবেন।
- অনলাইনে <https://gsa.teletalk.com.bd> তে আবেদন ফরম পূরণ করা যাবে। আবেদন ফি : ১১০/- (একশত দশ টাকা)।
- অনলাইনে আবেদন ফরম পূরণ ও ভর্তি সংক্রান্ত বিস্তারিত নিয়মাবলী [www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd) এর secondary circular/order ও [www.teletalk.com.bd](http://www.teletalk.com.bd) ওয়েবসাইট হতে জানা যাবে।

### ভর্তি পরীক্ষার লটারির তারিখ

সারাদেশের সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহে শিক্ষার্থী নির্বাচন প্রক্রিয়ার তারিখ, সময় ও স্থান পরবর্তীতে জানিয়ে দেওয়া হবে।

### শর্তাবলী

- জাতীয় শিক্ষানীতি ২০১০ খ্রি. অনুযায়ী ১ম শ্রেণিতে ০১/০১/২০২৪ খ্রি: তারিখে সর্বনিম্ন বয়স ৬+ বছর হতে হবে। পরবর্তী শ্রেণিতে বয়স নির্ধারণের বিষয়টি প্রথম শ্রেণিতে ভর্তি হওয়া শিক্ষার্থীদের ক্ষেত্রে ধারাবাহিকভাবে প্রযোজ্য হবে। ভর্তি বয়সের উর্ধ্বসীমা সংশ্লিষ্ট বিদ্যালয় নির্ধারণ করবে।
- অনলাইনে আবেদন ফরম পূরণের সময় শিক্ষার্থীর জন্ম তারিখ, নাম ও নামের বানান, পিতা-মাতার নাম ও নামের বানান সতর্কতার সাথে পূরণ করতে হবে। পরবর্তীতে এ ধরনের পরিবর্তন গ্রহণযোগ্য নয়।
- ভর্তির সময় অনলাইন জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।
- ভর্তির সময় শিক্ষার্থীর অনলাইন আবেদন এবং ফলাফল কপি জমা দিতে হবে।
- একই বিদ্যালয়ের একই শিফটে ও একই শ্রেণিতে একাধিকবার আবেদন করা যাবে না।

(নাছিমা আক্তার)

সদস্য সচিব